

আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
www: ashrayanpmo.gov.bd

স্মারক নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৯১৬.২০১৯-০২৩০

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়ঃ আশ্রয়ণ-২ প্রকল্পের আরডিপিপি অনুযায়ী গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যমাত্রা পূরণকল্পে প্রকল্প প্রস্তাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আশ্রয়ণ প্রকল্পের আওতায় সকল জেলার 'ক' শ্রেণীর অর্থাৎ ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে প্রকল্পগ্রাম সৃজন করা হচ্ছে। প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী আরও ২২৫৪২ টি পরিবারকে পুনর্বাসন করতে হবে। ইতোমধ্যে বিভিন্ন জেলা হতে প্রকল্প প্রস্তাব এ কার্যালয়ে প্রেরিত হয়েছে। প্রেরিত প্রকল্প প্রস্তাব আশ্রয়ণ-২ প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে অপরিপূর্ণ হওয়ায় প্রয়োজনীয়তার নিরিখে আরও প্রকল্প প্রস্তাব পাঠানো প্রয়োজন।

০২। এমতাবস্থায়, তাঁর বিভাগের বিভিন্ন জেলা হতে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব অতি দ্রুত প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

বিভাগীয় কমিশনার
ঢাকা।



(মোঃ সাহাবুর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯১২৪১০০

ইমেইলঃ ashrayanpmo@gmail.com

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে,

১. জেলা প্রশাসক(সকল)।
২. উপজেলা নির্বাহী অফিসার(সকল)।
৩. অফিস কপি।